

## **া** সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৪৩

৭/ যাকাত (اكتاب الزكاة عن رسول الله الله الزكاة عن رسول الله المنابعة المن

পরিচ্ছেদঃ যাকাত সংগ্রহের ক্ষেত্রে সীমালংঘনকারী।

باب مَا جَاءَ فِي الْمُعْتَدِي فِي الصَّدَقَةِ

## আরবী

حَدَّقَنَا قُتَيْبَةُ، حَدَّقَنَا اللَّيْثُ، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيب، عَنْ سَعْد بْنِ سِنَانٍ، عَنْ أَنسِ بْنِ مَالِك، قَالَ وَفِي الْصَدَّقَةِ كَمَانِعِهَا ". مَالِك، قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ وَأُمِّ سَلَمَةَ وَأَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَنسٍ قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمرَ وَأُمِّ سَلَمَةَ وَأَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ أَنسٍ حَدِيثٌ غَرِيبٌ مِنْ هَذَا الْوَجْهِ . وَقَدْ تَكَلَّمَ أَحْمَدُ بْنُ حَنْبَلٍ فِي سَعْد بْنِ سِنَانٍ . وَهَكَذَا يَقُولُ اللَّيْثُ بْنُ سَعْد عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ سَعْد بْنِ سِنَانٍ عَنْ أَنسِ بْنِ مَالِك . وَيَقُولُ عَمْرُو بْنُ الْحَارِثِ وَابْنُ لَهِيعَةَ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ سَنَانٍ بْنِ سَعْد عَنْ أَنسِ بْنِ مَالِك . وَيَقُولُ عَمْرُو بْنُ الْحَارِثِ وَابْنُ لَهِيعَةَ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ سِنَانٍ بْنِ سَعْد عَنْ أَنسٍ بْنِ مَالِك . وَيَقُولُ عَمْرُو بْنُ الْحَارِثِ وَابْنُ لَهِيعَةَ عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ سِنَانِ بْنِ سَعْد عَنْ أَنسٍ . قَالَ وَسَمِعْتُ مُحَمَّدًا يَقُولُ وَالصَّحِيحُ سِنَانُ بْنُ سَعْد . وَقَوْلُهُ " الْمُعْتَدِي فِي الصَّدَقَةِ كَمَانِعِهَا " يَقُولُ عَلَى الْمُعْتَدِي مِنَ الإِثْمِ كَمَا عَلَى الْمَانِعِ إِذَا مَنَعَ .

## বাংলা

৬৪৩. কুতায়বা (রহঃ) .... আনাস ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যাকাত সংগ্রহে সীমালংঘনকারী হল যাকাত প্রদানে বাধাদানকারীর মত। - ইবনু মাজাহ ১৮০৮, তিরমিজী হাদিস নম্বরঃ ৬৪৬ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে উমার, উন্মু সালাম ও আবৃ হুরায়রা (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা (রহঃ) বলেন, আনাস (রাঃ) থেকে এ সূত্রে বর্ণিত হাদিসটি গরীব। ইমাম আহমাদ ইবনু হাম্বল (রহঃ) সা'দ ইবনু সিনানের সামালোচনা করেছেন। লায়স ইবনু সা'দ (রহঃ) এইরূপ বর্ণনা করেন, ইয়াযীদ ইবনু আবৃ হাবীব, সা'দ ইবনু সিনান সূত্রে আনাস ইবনু মালিক (রাঃ) থেকে। ইমাম আবৃ ঈসা (রহঃ) বলেন, আমি মুহাম্মদ (বুখারী) (রাঃ)-কে বলতে শুনেছি যে, (সা'দ ইবনু সিনান নয়) সঠিক হল সিনান ইবনু সা'দ। আর এই হাদিস 'যাকাত সংগ্রহতে সীমালংঘনকারী হল যাকাত প্রদানে বাধাদানকারীর মত' এর অর্থ হল বাধাদান করার কারণে বাধাদানকারীর যে শুনাহ হয়, তেমনি এ ক্ষেত্রে সীমালংঘনকারীও তদ্রুপ গুনাস্পার হয়।



## **English**

Anas bin Malik narrated that:

the Messenger of Allah said: "The one who commits transgression with charity is like the one who does not pay it."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন